NSW GOVERNMENT | Education & Communities

# Getting ready for school

A guide for parents of a child with disability

# স্কুলের জন্য তৈরী হওয়া

## বিকলাঙ্গ শিশুর পিতামাতার জন্য একটি গাইড







Bengali



Kindergarten শুরু করা প্রতিটি শিশুর জীবনে একটি রোমাঞ্চকর ধাপ। আপনার শিশুর জন্য স্কুল পছন্দ করা একটি বড় সিদ্ধান্ত এবং বিকলাঙ্গ শিশুর পিতামাতাদের জন্য এই পছন্দ প্রক্রিয়ায় আরও বেশী মাত্রায় জড়ানোর প্রয়োজন হতে পারে।

আপনার শিশুর চাহিদা সর্বোৎকৃষ্টভাবে পূরণ করবে এই ধরনের একটি স্কুলের ভর্তি প্রক্রিয়ার জন্য প্রস্তুতি নেয়া এবং স্কুল পছন্দ করার ব্যাপারে , আপনাকে সাহায্য করার জন্য এই গাইডটি তৈরী করা হয়েছে।

## কোথায় থেকে শুরু করবেন

- আপনার যদি একটি বিকলাঙ্গ শিশু থাকে, তাহলে আপনার শিশুর স্কুল শুরুর ১২ মাস আগে হয় আপনার স্থানীয় স্কুলে বা আপনার আঞ্চলিক অফিসে যোগাযোগ করার জন্য সুপারিশ করা হচ্ছে। এতে করে আপনার শিশুর নির্দিষ্ট শিক্ষা এবং প্রয়োজনীয় সহায়তা নিয়ে প্রাসঙ্গিক কর্মীদের সাথে আলোচনা করার সুযোগ পাবেন।
- যেখানে যেখানে আপনার শিশুর নির্দিষ্ট শারীরিক প্রবেশাধিকার প্রয়োজন, সেখানে সুপারিশ করা যাচ্ছে যে  আপনার স্থানীয় স্কুলে বা আপনার আঞ্চলিক অফিসে স্কুল শুরু করার ২ বছর পূর্বে যোগাযোগ করুন। এটি স্কুলে যাওয়ার বিকল্প ব্যবস্থাগু লো চিহ্নিত করতে এবং আপনার শিশুর স্কুল শুরুর আগে প্রয়োজনীয় অবকাঠামো তৈরীতে বিভাগকে সময় দিবে।
- যখন আপনি অধ্যক্ষের সাথে সাক্ষাত করবেন তখন সংশিষ্ট সাম্প্রতিক মেডিকেল এবং চিকিৎসাগত মূল্যায়ন কাগজড়পত্র সাথে নিয়ে যাবেন।
- আপনার সহায়তা নেটওয়ার্ক সদস্যদের সাথে (যেমন পরিবার, বন্ধু, ডাক্তার, শিশু বিশেষজ্ঞ, পরামর্শদাতা গ্রুপ, বিকলাঙ্গ নেটওয়ার্ক, ফিজিওথেরাপিস্ট,মনস্তাত্ত্বিক, অকুপেশনাল থেরাপিস্ট, স্পিচ প্যাথোলোজিষ্ট) এবং স্কুলে যায় এমন বিকলাঙ্গ শিশুদের পিতামাতাদের সাথে তাদের অভিজ্ঞতা নিয়ে কথা বলুন।
- আপনার প্রি-স্কুল অথবা অন্যান্য প্রারম্ভিক শৈশব সেবাও স্কুলে স্থানান্তরের ক্ষেত্রে আপনাকে সহায়তা করতে পারে। আপনার শিশু যদি এই সকল সেবা হতে সহায়তা না পায় তাহলে আপনার স্থানীয় স্কুলে অথবা আঞ্চলিক অফিসে যোগাযোগ করতে পারেন যারা আপনার এলাকায় স্কুল স্থানান্তরের বিশেষ কর্মসূচীর সাথে আপনাকে জুড়ে দিতে পারে। আপনি আপনার আঞ্চলিক অফিসে আপনার বাসার ফোন থেকে 131 536 নম্বরে ফোন করতে পারেন।





## ভর্তির বিভিন্ন উপায়

- NSW জুড়ে, শিক্ষা এবং সম্প্রদায় বিভাগ (Department of Education and Communities) (DEC) বিশেষ প্রয়োজন আছে এমন ছাত্র-ছাত্রীদের অনেক ধরনের সেবা সহায়তা দিয়ে থাকে।
- নিশ্চিত বিকলাঙ্গ শিশুর পিতামাতা বা সেবাদানকারী হিসাবে নিম্নলিখিত শিক্ষা ব্যবস্থার উপায়সমুহ বিবেচনা করতে পারেন:
  - আপনার স্থানীয় স্কুল
  - একটি নিয়মিত স্কুলে একটি বিশেষ ক্লাস
  - একটি বিশেষ স্কুল (নির্দিষ্ট কারণের জন্য তৈরীকৃত স্কুল)

## পড়াশুনার জন্য সঠিক স্কুল খুঁজে পাওয়া

স্কুলের শিক্ষা এবং সহায়তা দলের সাথে পরামর্শ করে স্কুল অধ্যক্ষ আপনার শিশুর জন্য সঠিক পড়াশুনা বিকল্প খুঁজে পেতে সহায়তা করবে। স্কুল অধ্যক্ষ যে সকল বিষয়ে বিবেচনা করবেন তা হল: স্কুলের ব্যাপারে আপনার পছন্দ, আপনার শিশুর বিশেষ শিক্ষা ও প্রয়োজনীয় সহায়তা এবং স্থানীয় বিশেষজ্ঞ সেবা ব্যবস্থা হতে দূরত্ব। আপনার স্থানীয় আঞ্চলিক অফিসও আপনার শিশুর সঠিক বিকল্প ব্যবস্থা খুঁজে পেতে স াহায্য করতে পারে।

## বিকলাঙ্গ শিশুকে ভর্তি করানো

- আপনার স্থানীয় স্কুলের মাধ্যমে নিয়মিত ক্লাসে ভর্তি করানো হয়।
- বিশেষ ক্লাসে বা বিশেষ স্কুলে একটি প্রক্রিয়া যা আঞ্চলিক স্থান প্যানেল নামে পরিচিত তার মাধ্যমে ভর্তি করা হয়।
- এই সম্পর্কে তথ্য পেতে আপনার বাসার ফোন থেকে আঞ্চলিক অফিসে 131 536 নম্বরে যোগাযোগ করতে পারেন।

## সংক্ষিপ্ত তালিকা তৈরী করা

- আপনার স্থানীয় স্কুল চিহ্নিত করতে অনলাইনে স্কুল লোকেটর ব্যবহার করতে পারেন। www.schools.nsw.edu.au/schoolfind/locator/
  এই ওয়েবসাইটে  বিশেষ স্কুল, যা কিনা বিশেষ উদ্দেশ্যের জন্য তৈরীকৃত স্কুল নামে পরিচিত, সেটি খোঁজার জন্য কি ধরনের স্কুল তা টাইপ করুন। কিন্তু মনে রাখবেন যে এই ধরনের স্কুলে ভর্তি আঞ্চলিক অফিসের মাধ্যমে করতে হবে। আপনি আপনার বাসার ফোন থেকে ১৩১ ৫৩৬ নম্বরে আপনার আঞ্চলিক অফিসে যোগাযোগ করতে পারেন।
- বিভিন্ন উপায় এবং আপনার শিশুর নির্দিষ্ট প্রয়োজন নিয়ে আলোচনা করার জন্য স্থানীয় স্কুল অধ্যক্ষের সাথে সাক্ষাতের সময় বের করুন। এই সাক্ষাতের সময় অনেক পিতামাতা তাদের সাথে বন্ধু বা আত্মীয় নিয়ে গিয়ে সহায়তা পেয়ে থাকে।
- এই সভায় সাম্প্রতিক চিকিৎসা বিষয়ক সকল কাগজপত্র নিয়ে আসবেন যাতে করে আপনি বিভাগের কর্মীদের সাথে তা নিয়ে আলোচনা করতে পারেন।
- এই সভায় আপনার শিশুর শিক্ষা বিষয়ক প্রয়োজন নিয়ে আলোচনা করার জন্য আপনি একটি প্রশ্নপত্র বা উদ্বেগের তালিকা করতে পারেন।



## অতিরিক্ত সহায়তা

আপনার শিশু যদি বিকলাঙ্গ হয় অথবা শিক্ষা গ্রহনে অসুবিধার সম্মুখীন হয় এবং এতে করে স্কুলে অতিরিক্ত সহায়তার প্রয়োজন হয় তাহলে দয়া করে শিশুর স্কুলের অধ্যক্ষের সাথে বা স্থানীয় আঞ্চলিক অফিসে যোগাযোগ করুন।

পিতামাতা এবং সেবাদানকারীগণ তাদের শিশুর শক্তিমত্তা, ক্ষমতা এবং প্রয়োজন সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্যের উৎস। পিতামাতা এবং স্কুলের মধ্যে কার্যকর অংশীদারিত্ব ছাত্র-ছাত্রীদের জন্য সম্ভবত ভালো ফলাফল বয়ে আনে।

প্রতিটি স্কুলের শিক্ষা এবং সহায়তা দল ছাত্র-ছাত্রীদের শিক্ষার প্রয়োজন মিটাতে ক্লাসের শিক্ষকগণকে সহায়তা করে থাকে। শিক্ষা এবং সহায়তা দলের কাজে আলোচনায় অংশ নিয়ে এবং শিশুদের প্রয়োজন নিয়ে পরিকল্পনা করতে পিতামাতা এবং সেবাদানকারীগণ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

NSW-এর সরকারী স্কুলগুলো বিকলাঙ্গ ছাত্র-ছাত্রীদের অথবা যাদের শিক্ষা গ্রহনে অসুবিধা আছে, তাদের প্রত্যেকের প্রয়োজন অনুযায়ী বিভিন্ন উপায়ে অতিরিক্ত সহায়তা দিয়ে থাকে।

এই সহায়তার মধ্যে আছেঃ

- শিক্ষা প্রদান এবং শিক্ষা গ্রহনের প্রক্রিয়ায় প্রতিদিন শিক্ষকরা শ্রেণীকক্ষে কিছু পরিবর্তন ঘটান
- বিশেষজ্ঞ দক্ষতা সম্পন্ন ব্যক্তির কাছে যাওয়া যারা ছাত্র-ছাত্রীদের এবং তাদের শ্রেণী শিক্ষকদের সহায়তা করে
- সহায়তা কর্মীদের কাছ থেকে শ্রেণীকক্ষে অতিরিক্ত সহায়তা পাওয়া
- বিশেষ উপাদান এবং সরঞ্জামসমূহ ব্যবহারের সুবিধা পাওয়া
- শিক্ষক এবং সহায়তা কর্মীদের জন্য বিশেষজ্ঞ প্রশিক্ষণ গ্রহন

## স্কুল থেকে সর্বোচ্চ অর্জন

- আপনার শিশুর জন্য স্কুল পছন্দ হয়ে যাওয়ার পর যতটা সম্ভব জড়িত থাকার চেষ্টা করুন। স্কুলের শিক্ষকদের এবং স্কুলের সাথে একটি ইতিবাচক সম্পর্ক গড়ে তুলুন। এতে করে স্কুল কর্মীরা আপনার এবং আপনার শিশু সম্পর্কে আরও ভালভাবে জানতে পারবে।
- শিশুর শিক্ষকদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করুন যাতে করে আপনার শিশুর শিক্ষা কার্যক্রম এবং অগ্রগতি নিয়ে এবং কোন নতুন বিষয় যা আপনার বা স্কুলের জন্য হতে পারে তা নিয়ে আলোচনা চালিয়ে যেতে পারেন।
- আপনার বাড়ী এবং স্কুলের মধ্যে ভালো যোগাযোগ রক্ষায় সবচেয়ে কার্যকর পন্থায় আলোচনা করুন। পিতামাতা হিসাবে আপনার শিশুকে আপনি সবচেয়ে ভালো চেনেন। আপনার শিশুর সবচেয়ে বড় সহায়তাকারী হোন।
- স্কুলের সাথে যোগাযোগ করতে আপনাকে সাহায্য করার জন্য যদি একজন দোভাষীর প্রয়োজন হয় তাহলে 131 450 নম্বরে টেলিফোন দোভাষী সেবা ব্যবস্থায় ফোন করতে পারেন এবং আপনার ভাষার একজন দোভাষীর জন্য অনুরোধ করতে পারেন। অপারেটর স্কুলকে ফোন করবেন এবং টেলিফোনে আপনার আলোচনায় আপনাকে সহযোগীতা করার জন্যএকজন দোভাষীর ব্যবস্থা করবেন। যেখানে সম্ভব, যদি অনুরোধ করা হয় স্কুল মিটিংয়ে উপস্থিত থাকার জন্য স্কুল একজন দোভাষীর ব্যবস্থা করবে। আপনাকে এই সেবাব্যবস্থার জন্য কোন ফি দিতে হবে না।








## অধিকতর তথ্যসম্পদ

- www.schools.nsw.edu.au/gotoschool/enrolment/index.php (ইংরেজী ওয়েবসাইট)
- কে আমার শিশুকে শিক্ষা দিবে? *(Who's Going to Teach My Child?)* (শুধুমাত্র ইংরেজী) www.schools.nsw.edu.au/media/downloads/schoolsweb/studentsupport/programs/lrngdificulties/whoteach.pdf
- সমালোচনামূলক ব্রীজ DVD (Critical Bridges DVD) (শুধুমাত্র ইংরেজী ) www.det.nsw.edu.au/detresources/critbridges_YKSeRaDPnn.pdf
- স্কুল শুরু করা DVD (Starting School DVD) (এ্যারাবিক, ক্যান্টোনিজ, ডারি, ডিন্‌কা, ইংরেজী, কোরিয়ান, ম্যান্ডারিন এবং ভিয়েতনামিজ ভাষায় তথ্য আছে)। একটি কপি অর্ডারের জন্য Gowrie NSW ড়হ (02) 8571 9700 ফোন করুন।

NSW Department of Education and Communities

আঞ্চলিক অফিসে যোগাযোগের নম্বর
Regional office contact numbers

| | |
|---|---|
| Hunter/Central Coast | 4924 9999 |
| Illawarra & South Coast | 4222 2929 |
| New England | 6755 5934 |
| North Coast | 6652 0500 |
| Northern Sydney | 9886 7690 |
| Riverina | 6937 3871 |
| South Western Sydney | 9796 5446 |
| Sydney | 9217 4877 |
| Western NSW | 6841 2110 |
| Western Sydney | 9208 9359 |

## আমার পরিচিতি (My contacts)

স্থানীয় স্কুল: (Local school:)

অধ্যক্ষের নাম: (Principal name:)

ফোন: (Phone:)

টিকা: (Notes:)

আঞ্চলিক অফিস: (Regional office)

যোগাযোগ ব্যক্তির নাম: (Contact name)

ফোন: (Phone:)

টিকা: (Notes:)

© April 2012
NSW Department of Education and Communities

GPO Box 33
Sydney NSW 2001
Australia
T (02) 9561 8000
www.det.nsw.edu.au

NSW GOVERNMENT | Education & Communities